

বাংলা আমার মা

যুথিকা বড়ুয়া

বাংলা আমার জন্মভূমি

বাংলা আমার মা।

মাতৃভাষা বাংলা আমার

কি যে গড়িমা-

বাংলা আমার মা।

বাংলা মায়ের সন্তান ছিল

অসীম সহ্য শক্তি বীর,

ছিনিয়ে বাংলা দিয়েছে প্রাণ

করেনি নত তাদের উচ্চশীর।

শহীদ হয়েছে শূন্য করে

কত শত দুঃখীর মায়ের কোল,

ধন্য ওরা পণ করে

হয়েছে সবাই সফল।

আজকের দিনে দুঃখ পাই,

মাগো, আজকের দিনে দুঃখ পাই

নেই তার নেই - নেই সীমা!

বাংলা আমার মা।

ইতিহাসের পাতায় লেখা

থাকবে ওরা চিরদিন,

রক্তের দিয়ে বাংলার বীর  
করেছে বাংলা মা'কে স্বাধীন।  
শ্রদ্ধা জানাই আমরা তাঁদের,  
ওমা শ্রদ্ধা জানাই আমরা তাঁদের  
নেই যাদের কোনো উপমা!  
বাংলা আমার মা।

টরোনট, কানাডা।